গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়

নারায়ণগঞ্জ

**E-mail-deo.narayangonj@gmail.com**

স্মারক নং- ৩৭.০২.৬৭০০.০০০.০০.০০০.২০- ৮০ তারিখ: ১২/০২/২০২০খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) নারায়ণগঞ্জ। পত্রের মর্মানুযায়ী বর্ণিত পত্রের নির্দেশনামতে আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো (সংযুক্তি:-০৩ পাতা)।

২। অফিস নথি।

১২/০২/২০২০

**(মোঃ শরিফুল ইসলাম)**
জেলা শিক্ষা অফিসার
নারায়ণগঞ্জ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(শিক্ষা শাখা)
www.narayanganj.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৭০০.৪০১.২২.০০৯.-১৬১ তারিখ ঃ ২৩ মাঘ ১৪২৬ / ০৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয় : শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে পুথিনিলয় প্রতিষ্ঠিত 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' স্থাপন এবং তদবিষয়ক অবহিতকরণ ।

সূত্র ঃ প্রকাশক, পুথিনিলয়, বাংলাবাজার, ঢাকা এর আবেদন।

সূত্রে বর্ণিত স্মারকমূলে প্রাপ্ত পত্রের চিত্রলিপি এ'সঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, প্রাপ্ত পত্রের আলোকে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার ' স্থাপন বিষয়ে পুথিনিলয়, গ্রেটওয়াল শপিং সেন্টার ( লেভেল-১৪), ২/১ চিত্তরঞ্জন এভিনিউ, সদরঘাট, ঢাকা এর সাথে যোগাযোগ/পরামর্শ নেয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ০২( দুই) ফর্দ।

05.02.2020
(সানজিদা আক্তার)
সহকারী কমিশনার(শিক্ষা শাখা)
জেলা প্রশাসকের কার্যালয়
নারায়ণগঞ্জ ।

০১। উপজেলা নির্বাহী অফিসার
সদর/বন্দর/সোনারগাঁ/আড়াইহাজার/রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
০২। জেলা শিক্ষা অফিসার
নারায়ণগঞ্জ।
০৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।

06/02/2020

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে :

০১। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী, নারায়ণগঞ্জ(জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০২। এডিসি (শিক্ষা ও আইসিটি) নারায়ণগঞ্জ মহোদয়ের গোপনীয় সহকারী( মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অফিস কপি।

**PUTHINILOY**
**Head office** : Great Wall Shopping Center (14th floor)
2/1 Chitto Ranjon Avenue, Dhaka-1100. Tel: (+88 02) 9582708
**Sales Centre** : 38/2Ka, Mannan Market, Banglabazar, Dhaka-1100.
**Phone** : (+88 02) 47115121, 9590215, 01987703406, 01711702565
**E-mail** : puthiniloy2@gmail.com

| জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ | |
|---|---|
| উপ-পরিচালক, স্থানীয় সরকার | জরুরী পেশ করুন |
| অতিঃ জেলা প্রশাসক (সার্বিক) | পেশ করুন |
| অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) | কথা বলুন |
| অতিঃ জেলা ম্যাজিস্ট্রেট | প্রয়োজনীয় ব্যবস্থা |
| অতিঃ জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | গ্রহন করুন |
| সিএ টু ডিসি | গার্ড ফাইলে রাখুন |
| তারিখঃ | নথিজাত করুন। |
| জেলা প্রশাসকের স্বাক্ষর ঃ | |

Ref. 2100196200119044

Date

তারিখ : ১৪ই জানুয়ারি, ২০২০ খ্রি.

বরাবর,
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ জেলা।

| অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
|---|
| সহঃ কমিশনার (শিক্ষা) |
| সহঃ কমিশনার (আইসিটি) |
| গোপনীয় সহকারী |
| তারিখ : 20/01/2020 |
| স্বাক্ষর |

**বিষয় : শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে পুথিনিলয় প্রতিষ্ঠিত 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' স্থাপন এবং তদ্‌বিষয় অবহিতকরণ।**

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর : ৪৮.০০.০০০০.০০১.৫০.০০১.০২.৫২২; ৭ই অক্টোবর, ২০১৯ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানাচ্ছি যে, জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতি এবং স্বনির্ভর বাংলাদেশ গড়ার প্রত্যয়ে দেশপ্রেমিক ও বুদ্ধিবৃত্তিক জনগোষ্ঠী গঠনের লক্ষ্যে ১৯৭০ খ্রিষ্টাব্দে পুথিনিলয় প্রকাশনী প্রতিষ্ঠান যাত্রা শুরু করে। সূচনা থেকে পুথিনিলয় তার উদ্দেশ্যে অবিচল থেকে দেশীয় ঐতিহ্য, কৃষ্টি, মূল্যবোধ এবং মুক্তিযুদ্ধের চেতনাকে শিক্ষার্থী-সহ সর্বস্তরের জনগণের মাঝে ছড়িয়ে দিয়ে নিরবচ্ছিন্নভাবে দেশপ্রেমিক এবং আদর্শ নাগরিক গড়ার প্রয়াস চালিয়ে আসছে। তারই ধারাবাহিকতায় এবং দেশের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারের গৃহীত কর্মসূচির আলোকে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা আন্দোলনের প্রেক্ষাপটের সঙ্গে সংশ্লিষ্ট শতাধিক দুর্লভ চিত্র নিয়ে পুথিনিলয় 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' প্রতিষ্ঠা করে।

২. গত ২রা সেপ্টেম্বর ২০১৯ তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী পুথিনিলয় প্রতিষ্ঠিত এই কর্নার উদ্‌বোধন করেন। 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার'-এর চিত্রসমূহ দেখে মাননীয় মন্ত্রী ও তাঁর সঙ্গীবর্গ এতই সন্তুষ্ট হয়েছেন যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তা পত্রের মাধ্যমে আপনাদের অবহিত করেন (কপি যুক্ত)। ওই পত্রে আপনার অধিভুক্ত জেলায় 'মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্নার' প্রতিষ্ঠায় প্রয়োজনবোধে আমাদের (পুথিনিলয়) পরামর্শ গ্রহণের প্রস্তাব করা হয়েছে। এই প্রসঙ্গে, পুথিনিলয় সর্বাত্মক সহযোগিতা প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করছে।

৩. আমরা আপনার জেলার শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' প্রতিষ্ঠা করতে ইচ্ছুক। এ লক্ষ্যে ১৫ ইঞ্চি × ২০ ইঞ্চি সাইজে বাঁধাইকৃত একশত চিত্র প্রস্তুত আছে এবং চাহিদামতে সরবরাহ করতে পারব। আশা করি আমরা এ বিষয়ে আপনার সন্তুষ্টি অর্জন করতেও সক্ষম হব। পুথিনিলয় প্রতিষ্ঠিত 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' বিষয়ে জানার জন্য আপনাকে বা আপনার কোনো উপযুক্ত প্রতিনিধিকে পরিদর্শনে আসার সাদর আমন্ত্রণ জানাচ্ছি। প্রসঙ্গত, আপনার আমন্ত্রণ পেলে আমরা আপনার নির্দেশিত স্থানেও প্রদর্শনী করতে ইচ্ছুক।

৪. এ অবস্থায় আপনার জেলায় শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' প্রতিষ্ঠার অনুকূল বিষয়ে পুথিনিলয় কীভাবে আপনাকে সহযোগিতা করতে পারে– তদ্‌বিষয়ে অবহিত করার এবং আমাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সবিনয় অনুরোধ করছি।

৫. উল্লেখ্য, আমরা মুজিববর্ষ ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে উক্ত কর্নারের চিত্রসমূহের ক্যাটালগ প্রকাশ করেছি (কপি যুক্ত) যা আপনাকে আমাদের আয়োজন সম্বন্ধে পূর্ণাঙ্গ ধারণা দেবে। আমরা আপনার সদয় উত্তর ও আমন্ত্রণের আশায় রইলাম।

ধন্যবাদান্তে

শ্যামল পাল
প্রকাশক
পুথিনিলয়, বাংলাবাজার, ঢাকা।